

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা ভূমি অফিস  
লালমনিরহাট সদর, লালমনিরহাট  
acl.sadar.lalmonirhat.gov.bd

অর্পিত সম্পত্তির পুকুর প্রকাশ্য ইজারা বিজ্ঞপ্তি


এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, লালমনিরহাট পৌরসভাধীন ভিপি ইজারা কেস নং-৮/৮০ ও ৪৩৭/৬৮ এর নিম্ন তফসিলি ভুক্ত অর্পিত সম্পত্তির পুকুর ০২ (দুই) টি ১৪৩১ হতে ১৪৩৩ বর্ষাব্দের জন্য প্রকাশ্য ডাকের মাধ্যমে ০৩ (তিন) বছর মেয়াদে ইজারা প্রদানের নিমিত্ত আগামী ০২/০৪/২০২৪ খ্রি. সকাল ১১:০০ ঘটিকায় নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয়ে প্রকাশ্য ডাকের দিন ধার্য করা হয়েছে।


আগ্রহী ব্যক্তিগণকে নির্ধারিত তারিখ ও সময়ে নিলাম ডাকে অংশ গ্রহন করার জন্য অনুরোধ করা হলো।

শর্তাবলী:

১. ডাকে অংশগ্রহণকারীকে ডাক শুরুর পূর্বে সরকারি মূল্যের ৫০% টাকা (ফেরতযোগ্য) জামানত হিসেবে জমা দিতে হবে।
২. প্রতিটি পুকুর ডাকের জন্য আলাদা আলাদা ভাবে জামানত জমা দিতে হবে।
৩. সর্বোচ্চ ডাককারীকে ডাক অনুমোদনের সাথে সাথে ডাকের সমুদয় টাকা একযোগে জমা দিতে হবে।
৪. সর্বোচ্চ ডাককারীকে ডাক মূল্যের সাথে ১৫% ভ্যাট ও ১০% আয়কর জমা দিতে হবে।
৫. ইজারার অন্যান্য শর্তাবলী ও ইজারাদেশ সম্পর্কে প্রয়োজনে নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয় হতে জানা যাবে।
৬. ইজারালব্ধ পুকুরের কোনরূপ ক্ষতি সাধন বা শ্রেণি পরিবর্তন করা যাবে না।
৭. ইজারার মেয়াদ শেষ হওয়ার সঙ্গে সঙ্গে ইজারাকৃত পুকুরের দখল সরকার বরাবরে হস্তান্তর করতে হবে।
৮. এই ইজারা ১লা বৈশাখ ১৪৩১ হইতে ৩০ চৈত্র ১৪৩৩ সন পর্যন্ত সময়ের জন্য বলবৎ থাকবে।
৯. সর্বোচ্চ ডাককারীকে ডাকের সমুদয় অর্থ সাথে সাথে জমা দিতে ব্যর্থ হলে জামানতের অর্থ বাজেয়াপ্ত বলে গণ্য হবে।
১০. ডাক অনুমোদন করা / না করার এখতিয়ার কর্তৃপক্ষ সংরক্ষন করবেন।

ক্রমিক নং	মৌজার	তফসিল			ভিপি কেস নং	বিগত ০৩ বছরের ইজারা মূল্য	৫% বৃদ্ধিতে সরকারী মূল্য	অবস্থান
		খং নং	দাগ নং	জমির পরিমাণ				
১.	খোর্দ সাপটানা	৩/৫	৯৬১	২.৮৭ একর	৮/৮০	৮৬,৫০০/-	৯০,৮২৫/-	ওয়ারলেস কলোনীর পার্শ্বে
২.	সাপটানা	৭১৪	২৯৯১	০.৮১ একর	৪৩৭/৬৮	৫৫,৬০০/-	৫৮,৩৮০/-	গোশালা বাজার সংলগ্ন

  
এ বি এম আরিফুল হক  
সহকারী কমিশনার (ভূমি)  
লালমনিরহাট সদর, লালমনিরহাট

  
২৫/৬/২৪


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা ভূমি অফিস  
লালমনিরহাট সদর, লালমনিরহাট  
act.sadar.lalmonirhat.gov.bd

স্মারক নং ৩১.৪৭.৫২৫৫.০০৮.০৯.০০১.২১-২৪৫

তারিখ: ১৪ চৈত্র ১৪৩০  
২৮ মার্চ ২০২৪

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

১. জেলা প্রশাসক, লালমনিরহাট।
২. মেয়র, লালমনিরহাট পৌরসভা লালমনিরহাট।
৩. উপজেলা নির্বাহী অফিসার, সদর, লালমনিরহাট।
৪. রেভিনিউ ডেপুটি কালেক্টর, লালমনিরহাট। নিলাম ডাক কমিটির সম্মানিত সদস্য হিসেবে ডাকের সময় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।
৫. উপজেলা ..... অফিসার, লালমনিরহাট সদর, লালমনিরহাট।
৬. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, পৌর ভূমি অফিস, সদর, লালমনিরহাট বিজ্ঞপ্তি সংশ্লিষ্ট এলাকায় ব্যাপক প্রচার এবং হাট-বাজারে টোল সহরতঃ জারির প্রতিবেদন ধার্য তারিখের পূর্বে দাখিলের জন্য অনুরোধ করা হলো।
৭. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা..... (সকল) সদর, লালমনিরহাট। তাকে বিজ্ঞপ্তি টোল সহরতঃ মাধ্যমে ব্যাপক প্রচার করতঃ জারির প্রতিবেদন ধার্য তারিখের পূর্বে দাখিলের জন্য বলা হলো।
৮. নোটিশ বোর্ড।

  
এ বি এম আরিফুল হক  
সহকারী কমিশনার (ভূমি)  
লালমনিরহাট সদর, লালমনিরহাট

